سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ এর পর ইমাম ও একাকী সালাত আদায়কারী কি বলবে এবং ইমাম ও একাকী সালাত আদায়কারী কি শুধু ربنا ولك الحمد বলবে, নাকি উভয় বাক্য বলবে?

[বিস্তারিত] [আল্লামা আব্দুল আযীয বিন বায (রহিমাহুল্লাহ)]

উত্তর হচ্ছে, ইমাম ও একাকী সালাত আদায়কারী সালাতে রুকু থেকে উঠার সময় সামিআল্লাহু লিমান হামিদাহ বলবে, তারপর রব্বানা ওয়া লাকাল হামদ বলবে। এটাই সঠিক মত। কারণ, সহীহ বুখারী ও সহীহ মুসলিমে আবূ হুরায়রা (রাযিয়াল্লাহু আনহু) থেকে বর্ণিত হাদীসে নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, “ইমাম নির্ধারণ করা হয় তার অনুসরণ করার জন্য। সুতরাং তিনি যখন তাকবীর বলবেন তখন তোমরাও তাকবীর বলবে, তিনি যখন রুকু করবেন তখন তোমরাও রুকু করবে, তিনি যখন সামিআল্লাহু লিমান হামিদাহ বলবেন তখন তোমরা বলবে রব্বানা ওয়া লাকাল হামদ।”

http://www.sunnah.global/hadeeth/bn/show/3105